DELHI PUBLIC SCHOOL, DURGAPUR
QUESTION BANK & REVISION SHEET FOR FINAL TERM (2017-18)
BENGALI (2ND LANG.)CLASS-VI

## Literature

### গ্রামের পথে

ক) সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন:

১) 'দেবালয়ের অঙ্গনে আসব আবার শুভক্ষণে'- দেবালয়ের অঙ্গনে বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ? কার তুলনায় কবি তাঁর গ্রামকে পছন্দ করেছেন ? এরকম ভাবার কারণ কী ?

২) ' ....ঘুরে বেড়ায় মন, যেমন নদীর ঢেউয়ে নামে প্রভাত সমীরণ '-- কার লেখা কোন কবিতার অংশ ? প্রভাত সমীরণ কী ? কবির মন কোথায় ঘুরে বেড়ায় এবং কিভাবে ?

৩) 'ফিরে যদি জন্মাতে হয় ..... ফিরে আমার ঠাঁই' --কে , কোথায় ফিরে জন্মাতে চান ? তিনি আবার সেখানে জন্মাতে চান কেন ? কবি এরূপ কথা বলেছেন কেন ?

৪) ' দেবালয়ের এ অঙ্গনে.... নন্দন কানন'- দেবালয়ের এ অঙ্গনে বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ? পুনর্জন্ম পেলে কবি কোথায় কী তুচ্ছ করে আবার জন্মাতে চান ? এরূপ চিন্তার কারণ কী ?

৫) 'কি যেন এ পথের ধূলি....করছে পরশন '-- কবিতাটি কোন কবির কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে ? গ্রামের লতা , ঘাসের ফুল, পথের ধূলি, সূর্যকিরণ কবির কাছে কিরূপ মনে হয় তা আলোচনা কর ।

সপ্রসঙ্গ ব্যাখ্যা:-

১) ' তুচ্ছ করি ইন্দ্র পুরী নন্দন-কানন ' ।

২) ' ঘাসের ছোটো ফুলটি যেন করছে আলাপন '।

৩) 'এমন শ্যামল এমন কোমল লতা........... শীর্ণ তনু তার ' ।

### সকল দেশের সেরা

ক) সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন:

১) 'ও যে স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ, স্মৃতি দিয়ে ঘেরা '- কার লেখা কোন কবিতার অংশ ? স্বপ্ন দিয়ে তৈরি ও স্মৃতি দিয়ে ঘেরা কথা দুটির মাধ্যমে কী বোঝানো হয়েছে ?

২) ' ভায়ের মায়ের এত স্নেহ.... এই দেশেতে মরি'-- কবি এরূপ কথা বলেছেন কেন ? এ দেশ বলতে কোন দেশের কথা বলা হয়েছে ? উদ্ধৃত অংশটির মাধ্যমে কি বোঝানো হয়েছে ?

৩) 'তারা পাখির ডাকে... ডাকে জেগে' -- তারা বলতে কার কথা বলা হয়েছে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা কর।

৪) ' এমন দেশটি কোথাও... আমার জন্মভূমি'- কোন দেশের কথা বলা হয়েছে ? 'সকল দেশের রানি ' বলার কারণ কী ? উদ্ধৃত অংশটির মাধ্যমে কবির কি মানসিকতার পরিচয় পাওয়া যায় ?

৫) 'এ যে সকল দেশের রানি'-- সকল দেশের রানি বলতে কি বোঝানো হয়েছে ? কবিতার মাতৃভূমির যে চিত্র ফুটে উঠেছে তা লেখ ।

খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা কর:-

১) ' কোথায় এমন হরিৎক্ষেত্র আকাশতলে মেশে'

২) ' ওমা তোমার চরণ দুটি বক্ষে আমার ধরি'।

৩) 'পুষ্পে পুষ্পে ভরা শাখী.... পুঞ্জে পুঞ্জে ধেয়ে।'

### মধুর তোমার শেষ যে না পাই

ক) সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন:

১) 'আর সিদ্ধার্থ চলেছেন পায়ে .....শেষ তাই জানতে' - কার লেখা কোন রচনার অংশ ? উদ্ধৃতাংশের মাধ্যমে কি বোঝানো হয়েছে ?

২) 'ঘুমন্ত নগরে তখন .....নবীন সন্ন্যাসী'----অংশটিতে কোন নগরের কথা বলা হয়েছে ? ঘুমন্ত নগর বলার কারণ কী ? নবীন সন্ন্যাসী কে ? তাঁর সংক্ষিপ্ত পরিচয় দাও ।

৩) ' সিদ্ধার্থ তাঁর কাছে শাস্ত্র পড়লেন... পেলেন না'- - কে কাকে একথা বলেছিল ? সিদ্ধার্থ কে ? তিনি কার কাছ থেকে নানা জ্ঞান লাভ করেছিলেন ? 'ধ্যান আসন', :যোগ-ভোগ', মন্তর-তন্তর বলতে কী বোঝ ?

৪) 'ছন্দক, আমার ঘোড়া নিয়ে এসো'-- অংশটির বক্তা কে? কাকে এ কথা বলা হয়েছে ?ছন্দক কে ? বক্তা ঘোড়া নিয়ে আসতে বললেন কেন ? তাঁর রাজগেহ নগরে পৌছানোর বিবরণ দাও। সিদ্ধার্থ ছন্দককে কী আদেশ দিয়েছিলেন?

৫) আরাড়কালাম কে ? সিদ্ধার্থ তার কাছে কী শিখেছিলেন ? তাঁর কাছ থেকে কিসের সন্ধান পেলেন ?

খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা কর:-

১) 'দেখতে এতটুকু নামটিও তার নমা, কেউ বলে অনমা ... অনামা।`

২) 'সেই অতুল ঐশ্বর্য.... বিতরণ করলেন।'

অতি সংক্ষিপ্ত উত্তরধমী প্রশ্নাবলী :-

১) কাহিনীতে বর্ণিত নদীটির নাম কী ?
২) সিদ্ধার্থ সোনার চাদরটি কাকে দিয়ে ছিলেন ?
৩) কাহিনীটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?
৪) কোন মাসের কোন তিথিতে সিদ্ধার্থ অনামা নদীর পারে গেলেন ?
৫) আরাড়কালাম কে ?
৬) আরাড়কালামের সঙ্গে কয়জন চেলা ছিল ?
৭) রাজগেহ কোথায় ?
৮) পসারি কাদের বলে ?
৯) সিদ্ধার্থ কাদের মধ্যে ধনরত্ন বিতরণ করেছিলেন ?
১০) ছোটো নদীটির নামগুলো লেখ।

## বিবেকানন্দের ছেলেবেলা

## সংক্ষিপ্ত উত্তরধমী প্রশ্ন :-

১) ''তিনি বকুনি দিয়ে দেখেছেন, স্থায়ী ফল কিছুতেই হচ্ছে না।'' - 'তিনি' কে ?তিনি কোথায় থাকতেন ? তাঁর কোন বিষয়ে দুশ্চিন্তা ছিল ?কাদের বকুনি দিয়েছেন? বকুনি দেওয়ার কারণ কী ?

২) ''তোরা গল্প শুনবি ?'' - উদ্ধৃতাংশের বক্তা কে? 'তোরা' - কারা ? বক্তা তাদের কোন গল্প বলেছিলেন?

৩) ''গাধাগুলো বেহ্মদত্যির নাম শুনে একদম ভড়কে গেছে । আমি তো তিনদিন এলাম এখানে একা একা, বেহ্মদত্যির আমার কী করেছে?''- একথা কে বলেছেন? কাদের উদ্দেশ্য করে কথাগুলো বলেছেন ? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তা একথা বলেছেন?

৪) রামরতনবাবুর বাগানের কোণে কী গাছ ছিল ? সেই গাছটিকে নিয়ে কারা কীভাবে খেলাধুলা করত ? ছেলেদের আড্ডা বন্ধ করার জন্য রামরতনবাবু কী করলেন?

৫) ''দূর থেকেই ছেলেরা জিজ্ঞাসা করল, 'কী রে নরেন নাকি'?'' - দূর থেকে ছেলেরা প্রশ্ন করেছিল কেন ? এরূপ প্রশ্ন করার কারণ কী ? 'বিবেকানন্দের ছেলেবেলা' কাহিনী অবলম্বন করে নরেনের গুনগুলো বর্ননা করো।

খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা কর:-

১) 'না ,সেসব শুনলে তোরা ভয় পাবি'।
২) 'গাধাগুলো বেহ্মদিত্যর নাম শুনে একদম ভড়কে গেছে'।
৩) 'যাক ওষুধে কাজ করেছে'।

অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী :-

১) নরেনের ছেলেবেলার নাম কি ছিল ?
২) 'যাক ওষুধে কাজ করেছে'- ওষুধটা কী?
৩) নরেনকে 'গেছো সর্দার' বলা হয়েছে কেন?
৪) কাহিনীটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?
৫) নরেন বন্ধুদের নিয়ে কী করত ?
৬) রামরতনবাবুর দুশ্চিন্তার কারণ কী ?
৭) রামরতন বাবু কিসের গল্প বলেছিলেন ?
৮) ছেলেবেলায় নরেনের স্বভাব কেমন ছিল ?
৯) পাড়ার ছেলেদের সর্দার কে ছিল ?
১০) পাড়ার ছেলেদের আড্ডার জায়গা কোথায় ছিল ?

## RAPID

## কুঁজো আর ভূত

১। 'বেচারার দুঃখের সীমা ছিল না' কার লেখা কোন রচনার অংশ? কার সম্পর্কে এই উক্তি? তার কিসের দুঃখ তাকে সবাই হিংসে করত কেন ?
২। 'সেই বুড়ির ছেলে যে মানিক'- মানিক কেমন ধরনের লোক ছিল ?ভূতেদের পাল্লায় পড়ে তার কি অবস্থা হয় ? ভূতেদের গানটি কি ? ভূতেরা কোন জিনিসকে খুব ঘৃণা করে ?
৩। কুঁজো লোকটির নাম কী ? তাকে সবাই হিংসে করত কেন ? তার দুঃখ কী ছিল ?
৪। মানিক কেমন ধরনের লোক ছিল ? ভূতেদের পাল্লায় পড়ে তার কি অবস্থা হয় ?
৫। ভূতেদের গানটি কি ? কানাই সেই গানে কি নূতন কথা যোগ করে ? তারপর কি হয় ?
৬। 'কানাই বলে একটি লোক ছিল'- কানাই কিভাবে লোকের উপকার করত ? কানাইয়ের কিসের দোকান ছিল ? ভূতেদের গানটি কি ? কানাই সেই গানে কি নূতন কথা যোগ করে ?

### রথযাত্রা

১। 'রথে করেই আমার দুয়ারে আসেন' i ) উক্তিটি কার? কে আসেন? ii) বক্তা রথযাত্রায় যেতে চায়নি কেন ? iii) সে রাজবাড়ীতে কি কাজ করত ?
২। 'চলো , রথ দেখতে যাই'-i) কে কাকে রথ দেখতে যাওয়ার কথা বললেন? ii) রথযাত্রায় যাবার জন্য রাণীর কথায় রাজা কি করলেন ?
৩। 'আমার যাওয়া ঘটবে না'- কে কাকে একথা বলেছে? কখন কোন প্রসঙ্গে বলেছে? তার একথা বলার কারণ কি? দুঃখীর বাড়ি কোথায় ? সে রাজবাড়ীতে কি কাজ করত ?
৪। 'সর্বনাশ! রাজার পথ কি আমার পথ' - এই উক্তি কার ? এর অর্থ কি ? বক্তা রথযাত্রায় যেতে চায়নি কেন ?
৫। দুঃখী মন্ত্রীকে কি বলেছিল ? তাঁর অর্থ কি ?
৬। রথযাত্রা গল্পটি থেকে দুঃখীর ঈশ্বর বিশ্বাস সম্পর্কে কি ধারণা হয় ?

## WRITING SKILL

### অনুচ্ছেদ

নিচের বিষয়গুলি অবলম্বনে ৮০-১০০ শব্দে অনুচ্ছেদ লেখ :

১) গাছের প্রয়োজনীয়তা ২) পরিবেশ দূষণে ছাত্রসমাজের দায়িত্ব ও কর্তব্য ৩) গ্রীষ্মের দুপুর ৪) একটি বর্ষনমুখর রাত্রি ৫) সংবাদ পত্রের ভূমিকা ৬) একটি মেলার অভিজ্ঞতা ৭) বাংলার ষড় ঋতু ৮) বিজ্ঞানের আশির্বাদ ও অভিশাপ ৯) আমার প্রিয় উৎসব ১০) শিশু শ্রমিক ।

### পত্রলিখন

১। একটি বই পড়ে তোমার ভালো লেগেছে। কেন ভালো লেগেছে, তার কারণ জানিয়ে বন্ধুর কাছে একটি পত্র লেখো।
২। একটি পথ দুর্ঘটনার বিবরণ জানিয়ে তোমার বন্ধুকে চিঠি লেখ।
৩। জীবনে তুমি কিভাবে প্রতিষ্ঠিত হতে চাও সে বিষয়ে তোমার বাবাকে একটি পত্র লেখ।
৪। নিয়মিত জঞ্জাল সাফাইয়ের জন্য পুরপ্রধানের কাছে আবেদন পত্র।
৫। একটি নাটক দেখে তুমি অভিভূত হয়েছ এ সম্পর্কে বন্ধুকে পত্র।
৬] জাল ওষুধের কারবার বন্ধ করার জন্য সংবাদ পত্র সম্পাদকের কাছে চিঠি।

## GRAMMAR

### সমার্থক শব্দ

**নীচে দেওয়া শব্দ গুলির সমার্থক শব্দ লেখ:-**

বিদ্যুৎ, গৃহ, বন্ধু, সরস্বতী, পৃথিবী, সূর্য, হস্ত, পা, তনু, মাথা, মুখ, কপাল, পিতা, মাতা, ভ্রাতা, ভগিনী ,কন্যা, বন্ধু, শিক্ষক, ছাত্র।

**নীচের শব্দগুলির প্রতিশব্দের সাহায্যে শূণ্যস্থান পূরণ কর :-**

[ক] ভুবন _________ ও _________ সমার্থক শব্দ - (পৃথিবী / ভূ / করী)
[খ] চপলা বানান সহজ হলেও _______ বানানটি বেশ কঠিন - (সৌদামিণী / প্রসূন / গাঁ)
[গ] সহচর হল ______র অপর নাম - (শত্রু / মিত্র / আত্মীয়)
[ঘ] ঈশ্বর _______ নামেও খ্যাত - (বিধি / ক্ষীরোদ / মহেশ)
[ঙ] সমুদ্র _______ নামেও বিখ্যাত - (সমীর / রত্নাকর / অদ্রি)
[চ] রাজা বা _______ রাজ্যশাসন করেন -(নাথ / তাত / নৃপতি)
[ছ] কুরঙ্গমের অপর নাম _______- (কুরঙ্গ / হরিণ / ধেনু)

### [সাধু - চলিত]

১। নক্ষত্ররায় কে সঙ্গে লইয়া মহারাজপদব্রজে অরণ্যের দিকে চলিলেন। [সাধু > চলিত]
২। অবশেষে আমি খ্যাংড়া কাঠিটি তুলিয়া লইলাম। [সাধু > চলিত]
৩। বাইশ বছর আগে আমি বিজ্ঞান অধ্যাপনাকে বৃত্তি হিসাবে গ্রহণ করেছিলাম। চলিত > সাধু
৪) রাম ও হারা অন্ধকারে গ্রাম ছাড়িয়া শহরে পলায়ন করিল।[সাধু > চলিত]
৫) রাজার নাম শুনেই নায়েব স্তম্ভিত হয়ে গেলেন। চলিত > সাধু
৬) সেই বটতলায় কমলকে বসাইয়া রাখিয়া বিনয় অন্ধকারে দুই হাত বাড়াইয়া পাহাড় হইতে নামিয়া গেলেন।[সাধু > চলিত]
৭) সমুদ্র দেখিবর সাধ নিলার ছেলেবেলা হইতেই ছিল। [সাধু > চলিত]
৮) প্রাণপণে লগি ঠেলিয়া ক্রমাগত ভিতরে লুকাইবার চেষ্টা করিতে লাগিল। [সাধু > চলিত]
৯) তখুনি তাকে জুতিয়ে সিধে করবার একটা দুর্দমনীয় ইচ্ছা তাঁর শিয়ায় শিয়ায় লাফালাফি করতে লাগল। চলিত > সাধু
১০) একটা ইংরেজি পত্রিকা ওলটাতে ওলটাতে বাঁদিকে চোখ পড়ল। চলিত > সাধু

১। সাধু ভাষায় রূপান্তরিত কর :-

ক] আমরা পল্লীগ্রামে বুড়োবুড়ির মুখে কোন ঝিল্লীমুখর সন্ধ্যাকালে যে সব উপকথা শুনতে শুনতে ছেলেবেলায় ঘুমিয়ে পড়েছি, সেগুলি না কত মনোহর! কত চমকপ্রদ! আরব্য উপন্যাসের আলাউদ্দীনের আশ্চর্য প্রদীপ বা আলিবাবা ও চল্লিশদস্যু প্রভৃতির চেয়ে পল্লীর উপকথাগুলির মূল্য কম নয়। আধুনিক কর্মনাশা স্রোতে সেগুলি বিস্মৃতির অতলগর্ভে তলিয়ে যাচ্ছে।

[খ] ক্ষুধা তৃষ্ণা গোরাকে অভিভূত করেছিল, কিন্তু দুর্বৃত্ত অন্যায়কারী মাধব চাটুজ্জের অন্ন খেয়ে তবে জাত বাঁচাতে হবে, একথা যতই ভাবতে লাগলো তার অসহ্যবোধ হল। তার মুখ চোখ লাল ও মাথা গরম হয়ে মনের মধ্যে বিষম একটা বিদ্রোহ উপস্থিত হল। সে ভাবলো পবিত্রতাকে বাইরের জিনিস করে তুলে ভারতবর্ষে আমরা একি ভয়ংকর অধর্ম করছি।

**২। চলিত ভাষায় রূপান্তর কর :-**

[ক] গভীর নিশান্তে কৃষ্ণকান্ত নিদ্রা যাইতেছিলেন, অকস্মাৎ তাঁহার নিদ্রাভঙ্গ হইল। নিদ্রাভঙ্গ হইলে দেখিলেন যে, তাঁহার শয়নগৃহে দীপ জ্বলিতেছে না। সচরাচর সমস্ত রাত্রি দীপ জ্বলিত, কিন্তু সে রাত্রে দীপ নির্ব্বান হইয়াছে দেখিলেন, নিদ্রাভঙ্গকালে এমতও শব্দ তাঁহার কর্ণে প্রবেশ করিল যে, যেন কে একটা চাবি কলে ফিরাইল।

[খ] তোমার স্মরণ হয়, এইস্থানে কেমন মনের সুখ ছিলাম। আমরা কুটীরে থাকতাম, লক্ষ্মণ ইতস্ততঃ পর্যটন করিয়া আহারোপযোগী ফলমূল প্রভৃতির আহরণ করিতেন। গোদাবরী তীরে মৃদুমন্দ গমনে ভ্রমণ করিয়া, আমরা প্রাহ্নে ও অপরাহ্নে শীতল সুগন্ধ গন্ধবহের সেবন করিতাম

## SYLLABUS

**সাহিত্য:**
**গ্রামের পথে, সকল দেশের সেরা, মধুর তোমার শেষ যে না পাই, বিবেকানন্দের ছেলেবেলা_।**
**ব্যাকরণ: সমার্থক শব্দ, সাধু - চলিত ।**
**নির্মিতি: অনুচ্ছেদ, পত্রলিখন**
**সহায়ক পাঠ: কুঁজো আর ভূত,_রথযাত্রা**